তারিখ 27 APR 2016
পৃষ্ঠা ৭ ৬ কলাম ২

যুগান্তর

# কেন্দুয়ায় দু'পক্ষের সংঘর্ষে স্কুলছাত্র খুন

কেন্দুয়া (নেত্রকোনা) প্রতিনিধি

নেত্রকোনার কেন্দুয়া উপজেলায় জমিতে গরুর ধান খাওয়াকে কেন্দ্র করে দু'পক্ষের সংঘর্ষে ইকবাল হোসেন খাঁ নামে এক স্কুলছাত্র খুন হয়েছে। সোমবার রাত সাড়ে ৯টায় উপজেলার গড়াডোবা ইউনিয়নের চন্দলাড়া গ্রামে এ ঘটনা ঘটে। নিহত ইকবাল হোসেন উপজেলার রওশন ইজদানী একাডেমির নবম শ্রেণীর ছাত্র ও চন্দলাড়া গ্রামের সন্তোষ খাঁর ছেলে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, সোমবার চন্দলাড়া গ্রামের সন্তোষ খাঁর গরু একই গ্রামের হাসিম উদ্দিন মোড়লের ধানের জমিতে ঢুকে ধান খায়। এতে দু'পক্ষের লোকজনের মধ্যে বাকবিতণ্ডা হয়। এছাড়া শনিবার অনুষ্ঠিত স্থানীয় ইউপি নির্বাচন নিয়েও উভয়পক্ষের মধ্যে বিরোধের সৃষ্টি হয়। পরে এরই জের ধরে রাত ৯টার দিকে উভয়পক্ষের লোকজন রক্তক্ষয়ী সংঘর্ষে জড়িয়ে পড়ে। সংঘর্ষে সন্তোষ খাঁর স্কুলপড়ুয়া ছেলে ইকবাল হোসেন খাঁ মারাত্মক আহত হয়। আহতাবস্থায় ঈশ্বরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়ার পথে তার মৃত্যু হয়। কেন্দুয়া থানার ওসি অভিরঞ্জন দেব বলেন, ময়নাতদন্তের জন্য নিহতের লাশ নেত্রকোনা মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে।